ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৮৩৮
মোহনপুর, ২১ জুলাই, ২০২৫

**ওয়েল পাম চাষে কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি হবে ঃ কৃষিমন্ত্রী**

ওয়েল পাম চাষ অর্থনৈতিকভাবে খুবই লাভজনক। ওয়েল পাম চাষ করে রাজ্যের অর্থনৈতিক উন্নতি আরও ত্বরান্বিত করা সম্ভব। ওয়েল পাম চাষে কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি হবে। আজ বামুটিয়ার তালতলা বিনোদিনী চা বাগানে মেগা ওয়েল পাম প্ল্যান্টেশন ড্রাইভের সূচনা করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তালতলা এলাকায় প্রায় ১০০ হেক্টর জমিতে ১৪,৫০০ ওয়েল পাম গাছ লাগানো হবে।

এই অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেন, ভোজ্য তেল উৎপাদনে দেশকে স্বয়ম্ভর করতে ২০২১ সালে দেশে ওয়েল পাম জাতীয় প্রকল্প ঘোষণা করা হয়। আমাদের রাজ্যেও ২০২২-২৩ অর্থবছর থেকে এই প্রকল্পটি রূপায়ণ শুরু হয়েছে। তিনি বলেন, এই প্রকল্পে সাফল্য পেতে হলে শ্রমিকদেরও মনে করতে হবে এই বাগান আমার নিজের। পাম ওয়েল চাষে এগিয়ে আসার জন্য তিনি আগ্রহীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তালতলা গ্রামপঞ্চায়েতের প্রধান সুভাষ পাল।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, প্রাক্তন মন্ত্রী প্রকাশ দাস, প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা ড. ফনীভূষণ জমাতিয়া, সমাজসেবী শিবেন্দ্র দাস প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন হর্টিকালচার দপ্তরের অধিকর্তা দীপক কুমার দাস।

*****